



কলেজসমূহে বন্ধকৃত আরবী ও ইসলামিক স্টাডিজ বিভাগ চালুর দাবী

শ্রেণি বিজ্ঞপ্তি : জমিদারত তক্কানে আহলে হাদীস বাংলাদেশ-এর কেন্দ্রীয় মজলিসে কারারের দ্বিতীয় অধিবেশন ১৫ মার্চ সংগঠনের কেন্দ্রীয় সভাপতি ইফতিখারুল আলম হাসউদের সভাপতিত্বে মাদরাসা মুহাম্মাদীয়া আরবীয়ার লাইব্রেরী মিলনায়তনে অনুষ্ঠিত হয়। এতে প্রধান অতিথি ছিলেন জমিদারত তক্কানে আহলে হাদীস বাংলাদেশ-এর পরিচালক অধ্যাপক ওবায়দুল্লাহ গয়নফর। বৈঠকে সংগঠনের বিপত দেশের প্রতিবেদন, সম্মেলন ২০০২, বিভিন্ন প্রকল্প রিপোর্ট পর্যালোচনা করা হয় এবং চলতি বছরের সাংগঠনিক পরিকল্পনা ও বাজেট অনুমোদিত হয়। এছাড়া সাংগঠনিক কার্যক্রম সম্প্রসারণ ও গতিশীল করার জন্য ৭টি উপ-কমিটি গঠন করা হয়।

সভায় দেশের আইন-শৃঙ্খলা পরিস্থিতির অবনতি, কুন, ধর্ষণ, নারী নির্যাতন, এপিড নিফেপসহ যাবতীয় অপরাধমূলক কর্মকাণ্ড কঠোর হস্তে দমন করতে সরকারের প্রতি আহবান জানানো হয়। সভায় দেশে পৃথক ইসলামী বিশ্ববিদ্যালয় প্রতিষ্ঠা, ফাজিল ও কামিল শ্রেণীকে যথাক্রমে ডিগ্রী ও মাস্টার্স-এর মানে উন্নীতকরণ এবং বিপত সরকারের আমলে কলেজসমূহে বন্ধকৃত আরবী ও ইসলামিক স্টাডিজ বিভাগ পুনরায় চালু করার জন্য সরকারের প্রতি জোর দাবী জানানো হয়েছে।